# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 19 July, 2025

চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে দুবাই থেকে আসা তিন যাত্রীর কাছ থেকে আমদানি নিষিদ্ধ সিগারেট ও মোবাইল সেট জব্দ করা হয়েছে।তাদের আটকের পর জরিমানা নিয়ে মুক্তি দেওয়া হয়েছে।শুক্রবার (১৮ জুলাই) রাতে বিমানবন্দরের গ্রীণ চ্যানেল পার হওয়ার সময় গোয়েন্দা সংস্থা এনএসআই সদস্যরা তাদের আটক করেন।

আটক তিনজন হলেন- চট্টগ্রামের হাটহাজারী উপজেলার মোহাম্মদ শাহ্ আলম ও মো. আরফান এবং মিরসরাই উপজেলার আশরাফুল ইসলাম।তাদের কাছ থেকে ৫৭০ কার্টন বিদেশি সিগারেট এবং ৩০ টি মোবাইল ফোন জব্দ করা হয়।

বিমানবন্দরের জনসংযোগ কর্মকর্তা প্রকৌশলী মোহাম্মদ ইব্রাহীম খলিল জানিয়েছেন, দুবাই থেকে আসা ইউএস বাংলার ফ্লাইটের তিন যাত্রীকে ইমিগ্রেশনের কার্যক্রম শেষ হওয়ার পর শুক্রবার (১৮ জুলাই) রাত সাড়ে ৯টার দিকে আটক করা হয়।তাদের কাছ আমদানি নিষিদ্ধ সিগারেট এবং অনুমোদিত সীমার চেয়ে বেশি পণ্য পরিবহন করায় মোবাইলগুলো জব্দ করা হয়।

‘তিন যাত্রী নিয়মিত ব্যাগেজ পার্টির মালামাল পরিবহন করে।তাদের পাসপোর্ট নম্বর নথিভুক্ত করে জরিমানা করা হয় এবং ভবিষ্যতে মামলার আশ্রয় নেয়া হবে মর্মে সতর্ক করে ছেড়ে দেওয়া হয়।

খলিল আরও জানান, ১৯ লাখ ৯৫ হাজার টাকার সিগারেট এবং ৪০ লাখ টাকার মোবাইল ফোন মিলিয়ে কাস্টমস রাজস্ব আয় করেছে ৫৯ লাখ ৯৫ হাজার টাকা।

বিমানবন্দর জরিমানা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 20 July, 2025 01:53

URL: https://timestodaybd.com/public/chittagong/7758074997